শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল)/এইচএসসি (বিএম) পর্যায়ে

# এমপিওভুক্তির জন্য Online আবেদন ফরম পুরণের নির্দেশিকা (কারিগরি) -২০২১

**[অনলাইন আবেদন ফরমের তারকা (*) চিহ্নিত ফিল্ডসমূহ অবশ্যই পুরণ করতে হবে।]**

**১. অনলাইনে আবেদন করার পূর্বে নিম্নোক্ত ডকুমেন্ট (PDF ফরমেট এ স্ক্যান করে) সংগ্রহ করে রাখতে হবে:**

(i) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি আদেশের সত্যায়িত কপি;

(ii) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি নবায়ন আদেশের সত্যায়িত কপি;

(iii) পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;

(iv) এমপিওভুক্তির নিমিত্ত প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;

(v) আবেদন ফরমে প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;

(vi) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি (960 X 476 Pixel Size) JPG ফরমেটে তৈরি করতে হবে;

**২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (কারিগরি) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/ পরিমার্জিত) অনুযায়ী নিম্নোক্ত বিষয়গুলোকে বুঝাবে:**

(i) সিটি কর্পোরেশন: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত এলাকাকে বুঝাবে;

(ii) পৌর এলাকা: স্থানীয় সরকার বিভাগ কতৃক ঘোষিত এলাকাকে বুঝাবে;

(iii) মফস্বল: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত সিটি কর্পোরেশন ও পৌর এলাকা ব্যতীত অন্যান্য এলাকাকে বুঝাবে;

(iv) স্বীকৃতি: স্বীকৃতি বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক কোন প্রতিষ্ঠানের অনুকুলে হালনাগাদ পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রদানকে বুঝাবে;

**৩. অনলাইন আবেদন ফরম পুরণ:**

(i) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট: **www.tmed.gov.bd ;** মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: **www.dme.gov.bd** ; কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: **www.techedu.gov.bd** এবং ব্যানবেইস এর ওয়েবসাইট: **www.banbeis.gov.bd** যে কোন একটি ওয়েবসাইটের লিংকে প্রবেশ করুন। এমপিওভুক্তির জন্য **Online** আবেদন ফরম-এ ক্লিক করুন;

(ii) **Window-**টি খোলার পর নির্দিষ্ট জায়গায় আপনার প্রতিষ্ঠানের **EIIN** প্রদান করুন। অতঃপর **Screen**-এ আপনার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাসহ অন্যান্য তথ্যাদি প্রদর্শিত হবে;

(iii) প্রদর্শিত তথ্যাদি সঠিক থাকলে নিচে **Submit** বাটন-এ ক্লিক করুন। অতঃপর নতুন **Window** প্রদর্শিত হবে এবং প্রতিষ্ঠানের মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে **One Time Password (OTP)** প্রদান করা হবে। **SMS**-এর মাধ্যমে প্রাপ্ত **OTP** নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করুন এবং **Submit** বাটন-এ ক্লিক করুন;

**৪.(ক) এমপিও সফটওয়্যারের অনলাইন আবেদন ফরমের প্রথম অংশের (সেকশন ১: প্রতিষ্ঠানের সাধারণ তথ্য) ফিল্ডসমূহ পুরণ করতে হবে:**

(i) প্রতিষ্ঠানের যেকোন একটি ধরন (এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল)/এইচএসসি (বিএম)) নির্বাচন করুন;

(ii) প্রতিষ্ঠানটি বর্তমানে কোন স্তরে এমপিওভুক্ত আছে তা নির্বাচন করুন;

(iii) বাংলাদেশ জাতীয় সংসদীয় এলাকার নাম ও নম্বর: আপনার শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ জাতীয় সংসদের যে সংসদীয় এলাকায় অবস্থিত সে সংসদীয় এলাকার নাম ও নম্বর নির্বাচন করুন;

(iv) প্রশাসনিক এলাকার ধরন; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ধরন; ভৌগোলিক অবস্থান; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত অধিকাংশ শিক্ষার্থী কোন অনগ্রসর জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত- এই চারটি ফিল্ডের জন্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য উত্তর নির্বাচন করুন;

(v) প্রতিষ্ঠানের অবকাঠামো যে ভূমির উপর অবস্থিত তা ঐ প্রতিষ্ঠানের নামে পর্চা (খতিয়ান)/ নামজারি আছে কি-না নির্বাচন করুন;

(vi) প্রতিষ্ঠানটি যুদ্ধাপরাধী ব্যক্তির নামে অথবা ফৌজদারী অপরাধে ২ বছরের বেশি সাজাপ্রাপ্ত ব্যক্তির নামে নামকরণকৃত কি-না নির্বাচন করুন;

(vii) প্রতিষ্ঠানটি একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্ত কি-না নির্বাচন করুন;

(viii) একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তি হালনাগাদ নবায়ন ১০.১০.২০২১ তারিখ পর্যন্ত আছে কি-না নির্বাচন করুন। অতঃপর **Save** বাটন-এ ক্লিক করুন;

**৪.(খ) এমপিও সফটওয়্যারের অনলাইন আবেদন ফর্মের দ্বিতীয় অংশের (সেকশন-২: এমপিও ভুক্তির জন্য আবেদনের তথ্য) ফিল্ড সমূহ পূরণ করতে হবে:**

(i) এমপিওভুক্তির জন্য আবেদনের স্তর নির্বাচন করুন। স্তর নির্বাচন করার পর ঐ স্তরের সংশ্লিষ্ট ট্রেড/স্পেশালাইজেশন সমূহ প্রদর্শিত হবে। অতঃপর ট্রেড/স্পেশালাইজেশন নির্বাচন করে Next Page বাটন-এ ক্লিক করুন;

**৫. একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি হালনাগাদ তথ্য প্রদান করতে হবে:**

| | | | |
|---|---|---|---|
| (i) প্রার্থিত স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতির তারিখ: | DD | MM | YYYY |
| (ii) প্রার্থিত স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতির নবায়নের তারিখ: | DD | MM | YYYY |
| (iii) প্রার্থিত স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণের তারিখ: | DD | MM | YYYY |

**৬. সংযুক্তির বিবরণ: সংশ্লিষ্ট সংযুক্তি ঘরে নিম্নবর্ণিত কপিসমূহ PDF আকারে আপলোড করতে হবে:**

(i) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি আদেশের সত্যায়িত কপি;

(ii) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি_সর্বশেষ নবায়ন আদেশের সত্যায়িত কপি;

(iii) পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;

(iv) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি **(960 X 476 Pixel Size) JPG** ফরমেটে তৈরি করতে হবে;

(v) আবেদনের জন্য নির্ধারিত ফরমে এমপিওভুক্তির প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;

(vi) আবেদন ফরমে প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;

**৭.** এক বা একাধিক স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) এমপিওভুক্তির জন্য আবেদন করা যাবে। একাধিক স্তরে (ট্রেড/স্পেশালাইজেশন) আবেদনের ক্ষেত্রে প্রথম স্তরের (ট্রেড/স্পেশালাইজেশন) আবেদন সম্পন্ন করার পর Submit Application বাটন-এ ক্লিক করতে হবে। অতঃপর EIIN দিয়ে নতুন ভাবে লগইন (Login) করে পরবর্তী স্তরের (ট্রেড/স্পেশালাইজেশন) জন্য আবেদন সম্পন্ন করার পর Submit Application বাটন-এ ক্লিক করতে হবে।

**৮.** **Submit Application** বাটন-এ ক্লিক করার পর আবেদন সম্পন্ন হবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ হলে **"ধন্যবাদ, আপনার আবেদনটি সফলভাবে সংরক্ষণ করা হয়েছে। আপনি যদি আরো কোনো স্তরে আবেদন/দাখিলকৃত আবেদন সংশোধন করতে চান তাহলে পুনরায় লগইন করে সঠিক তথ্য দিয়ে আবেদন করুন।" Message** প্রদর্শিত হবে। প্রতি স্তরে আবেদন সম্পন্ন করার পর প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।

**৯.** এমপিওভুক্তির আবেদন **Submit** করার পর আবেদনের তথ্য প্রয়োজনে সংশোধন (**Edit**) করা যাবে। সেক্ষেত্রে **Online** আবেদন ফরমে পুনরায় **EIIN** দিয়ে লগইন (**Login**) করে প্রথমবারের আবেদনের ন্যায় সংশ্লিষ্ট ফিল্ডের তথ্য সংশোধনের পর **Submit Application** বাটন-এ ক্লিক করে প্রিন্ট কপি সংরক্ষণ করুন।

**১০.** প্রদর্শিত তথ্য পরিবর্তনের জন্য ০১৫৭১৭৩৭০৩৩, ০১৫৫২৪৯২৭৭৮, ০১৯১৪৮৯০৫০৮, ০১৯৩৬৫৮৩৮৫৬, ০১৭২৩২০৭৫৭৭, ০১৯২৪২১৭৯৪৭ নম্বরে এবং ই-মেইল: mpo@banbeis.gov.bd যোগাযোগ করা যাবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের মোবাইল নম্বর সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রত্যয়নসহ মহাপরিচালক, ব্যানবেইস বরাবর আবেদন mpo@banbeis.gov.bd এ প্রেরণ করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:** অনলাইন এমপিও সফটওয়্যারে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংক্রান্ত তথ্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে প্রাপ্ত। অনলাইন আবেদন ফরমে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংশোধন/পরিবর্তনের সুযোগ নেই।